ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৬২০

আগরতলা, ৬ নভেম্বর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

‘‘অক্সিজেন প্ল্যান্ট বিকল, ফুঁসছেন মানুষ,” এই শিরোনামে প্রতিবাদী কলম পত্রিকায় গত ৩১ অক্টোবর, ২০২৫ প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদটির পরিপ্রেক্ষিতে, ধর্মনগরস্থিত উত্তর জেলা হাসপাতালের মেডিক্যাল সুপারিনটেনডেন্ট কর্তৃক প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, ২০২১ সালের শেষের দিকে উত্তর জেলা হাসপাতালে স্থাপিত পিএসএ অক্সিজেন প্ল্যান্ট প্রায় দেড় বছর আগে অচল হয়। এই বিষয়ে উত্তর জেলা হাসপাতালের মেডিক্যাল সুপারিনটেনডেন্ট কর্তৃক পিডব্লিউডি কুমারঘাট মেকানিক্যাল ডিভিশনের এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ারকে অবহিত করা হয়েছে। বর্তমানে উত্তর জেলা হাসপাতালের অক্সিজেনের চাহিদা এজিএমসি অ্যান্ড জিবিপি হাসপাতাল থেকে সরবরাহকৃত অক্সিজেন সিলিন্ডারের মাধ্যমে পূরণ করা হচ্ছে।

*****